

ইউসুফের প্রশংসায় আল্লাহ তা'আলা

সূরা আল-আন'আমের ৮৩ হ'তে ৮৬
আয়াতে আল্লাহ পাক একই স্থানে পরপর
১৮ জন নবীর নাম উল্লেখ পূর্বক তাঁদের
প্রশংসা করে বলেন, আমি তাদের
প্রত্যেককে সুপথ প্রদর্শন করেছি,
সংকর্মশীল হিসাবে তাদের প্রতিদান
দিয়েছি এবং তাদের প্রত্যেককে আমরা
সারা বিশ্বের উপরে শ্রেষ্ঠত্ব দান করেছি
(وَكُلًّا فَضَّلْنَا عَلَى الْعَالَمِينَ) - (৮৬)। তারা

প্রত্যেকে ছিল পুণ্যবানদের অন্তর্ভুক্ত (كُلُّ

مِنَ الصَّالِحِينَ) (৮৫)। বস্তুতঃ ঐ ১৮ জন

প্রশংসিত নবীর মধ্যে হযরত ইউসুফও

রয়েছেন (আন'আম ৬/৮৪)।

ইউসুফকে আল্লাহ সম্ভবতঃ ছহীফা সমূহ

প্রদান করেছিলেন, যেমন ইতিপূর্বে

ইবরাহীম (আঃ)-কে প্রদান করা হয়েছিল

(আ'লা ৮৭/১৯)। আল্লাহ তাঁকে নবুঅত

ও হুকুমত উভয় মর্যাদায় ভূষিত

করেছিলেন। মানুষ তাঁর প্রশংসায় পঞ্চমুখ

থাকলেও মিসরবাসী সকলে তাঁর দ্বীন

কবুল করেনি। উক্ত প্রসঙ্গে আল্লাহ

ইউসুফের প্রশংসা করেন এবং মানুষের

সন্দেহবাদের নিন্দা করে বলেন,

وَلَقَدْ جَاءَكُمْ يُوسُفُ مِنْ قَبْلُ بِالْبَيِّنَاتِ فَمَا زِلْتُمْ فِي شَكِّ

مِمَّا جَاءَكُمْ بِهِ حَتَّىٰ إِذَا هَلَكَ قُلْتُمْ لَنَ يَبْعَثَ اللَّهُ مِنْ بَعْدِهِ

رَسُولًا كَذَلِكَ يَضِلُّ اللَّهُ مَنْ هُوَ مُسْرِفٌ مُرْتَابٌ-

‘ইতিপূর্বে তোমাদের কাছে ইউসুফ সুস্পষ্ট

প্রমাণাদিসহ আগমন করেছিল। অতঃপর

তোমরা তার আনীত বিষয়ে সর্বদা সন্দেহ

পোষণ করতে থাক। অবশেষে যখন সে
মারা গেল, তখন তোমরা বললে, আল্লাহ
ইউসুফের পরে কখনো আর কাউকে
রাসূল রূপে পাঠাবেন না... (অথচ
রিসালাতের ধারা অব্যাহত ছিল)। আল্লাহ
এমনিভাবে সীমালংঘনকারী ও
সন্দেহবাদীদের পথভ্রষ্ট করে থাকেন'
(মুমিন ৪০/৩৪)।